

ডিনের পদত্যাগ দাবিতে আলটিমেটাম

বাকুবি প্রতিনিধি

১২ মন্তেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১২ মন্তেম্বর ২০১৯ ০২:০৮



বাংলাদেশ ক্ষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) স্বাস্থ্যকেন্দ্রের মানোন্নয়ন, অ্যাম্বুলেন্স সংখ্যা বাড়ানো ও পরীক্ষা পেছানোকে কেন্দ্র করে ডিন অফিসে কথিত বিশৃঙ্খলাকারীদের শাস্তি প্রত্যাহারসহ ৯ দফা দাবিতে গতকাল সোমবার সড়ক অবরোধ করে ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা। তারা ওই অনুষদের ডিন অধ্যাপক ড. নাজিম আহমাদের পদত্যাগের দাবিতে ২৪ ঘণ্টার আলটিমেটাম

দেন। এ ছাড়া মঙ্গলবার ক্লাস পরীক্ষা বর্জনের ঘোষণা দেন তারা। ক্লাস-পরীক্ষা বর্জন করে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের সামনে সড়ক অবরোধ করে ওই শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় সুত্রে জানা যায়, গত শুক্রবার রাত ৯টার দিকে ভেটেরিনারি অনুষদের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ও মালয়েশিয়ার নাগরিক হারানি জানাকি রামান শ্বাসকষ্টে অসুস্থ হয়ে পড়েন। পরে বিশ্ববিদ্যালয়ের অ্যাম্বুলেন্সের জন্য ফোন করলে সেটি পাওয়া যায়নি। ওই সময় অ্যাম্বুলেন্সটি অন্য রোগীকে নিয়ে ক্যাম্পাসের বাইরে অবস্থান করছিল। হারানির বন্ধুরা তাকে অটোরিকশায় করে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যায়। পরে রাত ১টা ১৫ মিনিটে তিনি মারা যান। তিনি বিশ্ববিদ্যালয়ের বেগম রোকেয়া হলে থাকতেন।

advertisement

সময়মতো অ্যাম্বুলেন্স না পাওয়া এবং বেগম রোকেয়া হলের প্রভোষ্ট ও হাউস টিউটরদের অবহেলার অভিযোগ এনে ক্ষোভ প্রকাশ করেন সাধারণ শিক্ষার্থীরা। তারা বলেন, স্বাস্থ্যকেন্দ্রের মান এতটাই বাজে যে আমরা প্রাথমিক চিকিৎসাও ঠিকমতো পাচ্ছি না। এ ছাড়া সাত হাজারের বেশি শিক্ষার্থীর জন্য একটা অ্যাম্বুলেন্স মেনে নেওয়া যায় না। স্বাস্থ্য কেন্দ্রের কর্তব্যরত চিকিৎসকরা আমাদের সেবা না দিয়ে বিসিএস পড়েন।

আন্দোলনরত শিক্ষার্থীদের মাঝে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. লুৎফুল হাসান উপস্থিত হয়ে স্বাস্থ্য কেন্দ্রের মানোন্নয়ন, অ্যাম্বুলেন্স সংখ্যা বাড়ানো ও চিকিৎসা সংক্রান্ত দাবিগুলো মেনে নেন। পরে শিক্ষার্থীরা উপাচার্যকে বলেন, ভেটেরিনারি অনুষদের ডিন শিক্ষার্থীবন্ধব নন। বিভিন্ন সময়ে শিক্ষার্থীদের হয়রানি করেছেন। অনেতিকভাবে শিক্ষার্থীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন। এ সময় তারা ডিনের পদত্যাগ দাবি করেন।

জানা যায়, ভেটেরিনারি অনুষদের জানু/জুন-২০১৯ – ০০:০০ টক ফাইনাল পরীক্ষা পেছানোকে কেন্দ্র করে কয়েকজন শিক্ষার্থী ডিন অফিসে বিশৃঙ্খলা করায় বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব রেসিডেন্স অ্যান্ড ডিসিপ্লিন কমিটির সভায় ১৫ শিক্ষার্থীকে বিভিন্ন শাস্তি প্রদান করা হয়। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিক্ষক বলেন, হারানির মৃত্যুকে ইস্যু করে ওই শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার্থীদের বিভিন্নভাবে উসকে দিয়ে ডিনের পদত্যাগ দাবি করছেন।

ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. নাজিম আহমাদ বলেন, শিক্ষার্থীরা কেন পদত্যাগ চাচ্ছে, তা আমার বোধগম্য নয়। শাস্তিমূলক কারণ ছাড়া কারও বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।